

বড়দিন উদযাপন উপলক্ষে সোনারগাঁও হোটেলে বর্ণাঢ্য আয়োজন

- A Monitor Desk Report

Date: 23 December, 2024



ঢাকাঃ বছর ঘুরে আবারও দোরগোড়ায় বড়দিন। বড়দিন উদযাপন ও ইংরেজি নববর্ষ বরণ উপলক্ষে ঢাকার ঐতিহ্যবাহী পাঁচ তারকা হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁওয়ে প্রতিবছরের মতো এ বছরও থাকছে বর্ণিল আয়োজন।

সমগ্র হোটেলজুড়ে বিরাজ করবে উৎসবের আমেজ। থাকবে জমকালো সাজসজ্জা।

হোটেল কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে জানায়, হোটেলের লবি ও ক্যাফে বাজার রেস্টোরীতে থাকবে ক্রিসমাস ট্রি এবং বিশেষ গুডিজ হাউজ।

বড়দিনে আসা শিশুদের বিভিন্ন চমকপ্রদ উপহার দিয়ে বরণ করে নেওয়ার জন্য উপস্থিত থাকবে সান্তারুজ। আসা অতিথিদের উৎসবের পরিপূর্ণ আমেজ দেওয়ার জন্য হোটেলের টেরাকোটা চত্বরে থাকবে জমকালো সাজসজ্জা এবং সেইসঙ্গে হোটেলের প্রবেশদ্বারে থাকবে বিশেষ আলোকজ্জল রেইনডায়ার।

বড়দিন উপলক্ষে সোনারগাঁও হোটেলের সুইমিংপুলের পাশে অবস্থিত ওয়েসিসে ২৫ ডিসেম্বর সকাল ১০-৩০টা থেকে রাত ৯-৩০টা পর্যন্ত চলবে ‘ক্রিসমাস কিডস্ কার্নিভ্যাল’। এবারের আয়োজনে বিশেষ আকর্ষণ হিসেবে সোনারগাঁও হোটেলের সাথে এন্টারটেইনমেন্ট পার্টনার হিসেবে যোগ দিচ্ছে ‘টগি ফান ওয়ার্ল্ড’। এ কার্নিভ্যালে শিশুরা বিভিন্ন রকম গেম রাইড, প্যাপেট শো, ম্যাজিক শো ও নাগরদোলাসহ আরও অনেক কিছু উপভোগ করতে পারবে। কার্নিভ্যালে আসা প্রাপ্তবয়স্ক ও শিশু সবার জন্য টিকিটের মূল্য নির্ধারণ করা হয়েছে জনপ্রতি মাত্র ১,৫০০ টাকা। ব্র্যাক ব্যাংকের কার্ড ব্যবহার করলেই পাওয়া যাবে টিকিট মূল্যের ওপর ১৫ শতাংশ ছাড়।

এছাড়াও এই কিডস কার্নিভ্যালের টিকেটের সাথে থাকছে “টগি ফান ওয়ার্ল্ড” এ আগামী ২৫ জানুয়ারি ২০২৫ পর্যন্ত ফ্রি এন্ট্রি এবং ২টি গেমস উপভোগ করার সুবর্ণ সুযোগ। “টগি ফান ওয়ার্ল্ড” এর অতিথিদের জন্য থাকছে কিডস্ কার্নিভ্যাল টিকেট মূল্যের ওপর ১০ শতাংশ ছাড়।

বড়দিনের বর্ণিল আয়োজন অংশ হিসেবে ২৪ এবং ২৫শে ডিসেম্বর হোটেলের ক্যাফে বাজার রেস্টোরীতে থাকবে বিশেষ বুফে ডিনার, যার মূল্য নির্ধারণ করে হয়েছে জনপ্রতি মাত্র ৬৫০০ টাকা। হোটেলের সুইমিং পুলের পাশে অবস্থিত পুলক্যাফেতেও থাকবে লাইভ মিউসিকের সাথে

আকর্ষণীয় বারবিকিউ বুফে ডিনার এবং এই বুফে ডিনারও পাওয়া যাবে জনপ্রতি মাত্র ৪৯৫০ টাকায়। ক্যাফে বাজার এবং পুলক্যাফে দুই রেস্টোরান্টেই, বুফে ডিনারে, থাকবে নির্দিষ্ট ব্যাংক কার্ডে ১টি কিনলে ১টি ফ্রি অফার। এবং সিটি ব্যাংক এমেক্স কার্ডে ২৫ এবং ৩১ ডিসেম্বর এ থাকছে বুফে বারবিকিউ এবং বুফে ডিনারে নির্দিষ্ট কার্ডে ১টি কিনলে ২টি ফ্রি অফার।

এছাড়াও হোটেলের লবি লাউঞ্জ এবং লবিতে অবস্থিত গুডিজ হাউজে ২৫শে ডিসেম্বর পর্যন্ত পাওয়া যাবে রকমারি ক্রিসমাস গুডিজ, হরেকরকম ক্রিসমাস কেক ও পেস্ট্রি। বড়দিন এবং ইংরেজি নববর্ষ উপলক্ষে সোনারগাঁও হোটেলের প্যাসিফিক এভিনিউতে ২৫ এবং ৩১ ডিসেম্বর এ থাকছে সন্ধ্যা ৬টা থেকে রাত ২টা পর্যন্ত চলবে আকর্ষণীয় লাইভ মিউজিকের অনুষ্ঠান এবং প্যাসিফিক এভিনিউতে প্রবেশের টিকিটের মূল্য নির্ধারণ করা হয়েছে জন প্রতি মাত্র ৬০০০ টাকা।

২০২৪ সালকে বিদায় জানিয়ে ২০২৫ সালকে খুবই বর্ণাঢ্য ভাবে বরণ করে নেয়ার জন্য ৩১শে ডিসেম্বর সোনারগাঁও হোটেলের ক্যাফে বাজার থাকবে বিশেষ বুফে ডিনার এবং পুলক্যাফে তে থাকবে আকর্ষণীয় বারবিকিউ বুফে ডিনার। দুই রেস্টোরান্টেই বুফে ডিনারের মূল্য নির্ধারণ করা হয়েছে জন প্রতি মাত্র ৬৫০০ টাকা এবং সেই সাথে বুফে ডিনারে নির্দিষ্ট ব্যাংক কার্ডে থাকবে ১টি কিনলে ১টি ফ্রি অফার। এবং সিটি ব্যাংক এমেক্স কার্ডে নির্দিষ্ট কার্ডে ১টি কিনলে ২টি ফ্রি অফার। বছরের শেষ দিবস ৩১শে ডিসেম্বর সোনারগাঁও হোটেলের প্যাসিফিক এভিনিউতে সন্ধ্যা ৬টা থেকে রাত ২টা পর্যন্ত চলবে আকর্ষণীয় লাইভ মিউজিকের অনুষ্ঠান। এই অনুষ্ঠানে বিভিন্ন দেশীয় সজ্জিত ব্যান্ড তাদের মনোমুগ্ধকর পরিবেশনার মধ্যদিয়ে নতুন বছরকে বরণ করে নিবে। প্যাসিফিক এভিনিউতে প্রবেশের টিকিটের মূল্য নির্ধারণ করা হয়েছে জন প্রতি মাত্র ৬০০০ টাকা।

বড়দিন এবং নববর্ষ উপলক্ষে হোটেলের রেস্টোরান্টগুলোতে বিভিন্ন অফারের পাশাপাশি হোটেলের রুমের ক্ষেত্রেও চলবে আকর্ষণীয় অফার। প্রতিরাত মাত্র ১১,৯৯৯ টাকায় ২ জনের জন্য বুফে ব্রেকফাস্ট সহ পাওয়া যাবে ডিলাক্স রুম। বড়দিন এবং নববর্ষের জমকালো আয়োজনের অংশ হিসেবে হোটলে আকর্ষণীয় র্যাফেল ড্র এর ব্যবস্থাও রয়েছে। এই র্যাফেল ড্রতে অংশগ্রহন করে জিতে নিন আকর্ষণীয় উপহার।

আয়োজিত সকল অনুষ্ঠানের টিকিট এখন থেকেই পাওয়া যাচ্ছে হোটেলের লবিতে এবং “টগি ফান ওয়ার্ল্ড” এ। এছাড়াও +৮৮০১৭১৩৩৮২৬০৯ এবং +৮৮০২২২২২৪০৪০০ নম্বরে কল করে অনুষ্ঠান সম্পর্কিত যেকোনো তথ্য জেনে নিতে পারবেন আগ্রহী অতিথিগণ।

-B